প্রশিক্ষণ ম্যানুয়াল
সংগীত

দশম দিন

অধিবেশন-১

সময় : ৪০ মিনিট (১১ :৪০ মিঃ - ১২ :২০ মি :)

অধিবেশনের শিরোনাম : সংগীত বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি (১ম-৫ম শ্রেণি)

অধিবেশনের উদ্দেশ্য :

- সংগীতের বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল, এগুলোর শ্রেণিভিত্তিক বিস্তরণ ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী :

- সংগীত বিষয়ের পরিমার্জিত শিক্ষাক্রম ২০১১(তথ্যপত্রে সংযোজিত), মাল্টিমিডিয়া, পোস্টার পেপার, সাইন পেন, হোয়াইট বোর্ড মার্কার।

কাজ- সংগীত বিষয়ের বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল, এগুলোর শ্রেণিভিত্তিক বিস্তরণ ব্যাখ্যা করতে পারা।

সহায়কের করণীয় :

- অংশগ্রহণকারিদের সাথে কুশল বিনিময় করবেন।
- বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল এগুলো মাল্টিমিডিয়া/ পোস্টার পেপারে প্রদর্শনপূর্বক ব্যাখ্যা করবেন।
- অংশগ্রহণকারিদের ৫টি দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে পরিমার্জিত শিক্ষাক্রম সরবরাহ করবেন। প্রত্যেক দল বইটি ভালভাবে পড়ে নিম্নের ছক অনুসারে কীভাবে শ্রেণিভিত্তিক শিক্ষাক্রম বিস্তরণ করা হয়েছে তা পোস্টার পেপারে লিখবেন।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা ––	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ––	শিখনফল ––	শ্রেণিভিত্তিক গানের নাম ––
● ● ●	● ● ●	● ● ●	● ● ●

- প্রত্যেক দলের দলনেতা/দল থেকে একজন তাদের দলীয় কাজটি উপস্থাপন করবেন। অন্য দলের সদস্যরা শুনবেন। সহায়ক আলোচনার মাধ্যমে অধিবেশনটি সমাপ্ত করবেন।

দশম দিন

অধিবেশন : ২য়

সময় : ৪০ মিনিট (১৫ :৩০ মিঃ - ১৬ :১৫ মি :)

অধিবেশনের শিরোনাম : প্রথম থেকে পঞ্চম শ্রেণির সংগীত শিক্ষক নির্দেশিকা পরিচিতি

অধিবেশনের উদ্দেশ্য :

- সংগীত বিষয়ক শিক্ষক নির্দেশিকার বিষয়বস্তু ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী :

- প্রথম থেকে পঞ্চম শ্রেণির সংগীত নির্দেশিকা (তথ্যপত্রে সংযোজিত), পোস্টার পেপার, সাইন পেন, হোয়াইট বোর্ড মার্কার।

কাজ- সংগীত বিষয়ক শিক্ষক নির্দেশিকার বিষয়বস্তু ব্যাখ্যা করতে পারা।

সহায়কের করণীয় :

- অংশগ্রহণকারিদের সাথে কুশল বিনিময় করবেন।
- শিক্ষক নির্দেশিকা কী ? এ বিষয়ে অংশগ্রহণকারিদের সামনে ব্যাখ্যা করবেন।
- অংশগ্রহণকারিদের ৫টি দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে সংগীত বিষয়ক শিক্ষক নির্দেশিকা সরবরাহ করবেন।
- দলীয় আলোচনার পর প্রতিটি দল পোস্টার পেপারে সংগীত নির্দেশিকার বৈশিষ্ট্য লিখবেন এবং দল থেকে একজন উপস্থাপন করবেন।
- প্রত্যেক দলের উপস্থাপন শেষে আলোচনার মাধ্যমে অধিশেন সমাপ্ত করবেন।

১০ম দিন
অধিবেশন : ৩
সময় : ৪৫ মিনিট (২ :০০ মি: - ২ :৪৫ মি :)

অধিবেশনের শিরোনাম : মূল্যায়ন পদ্ধতি ও কৌশল।

অধিবেশনের উদ্দেশ্য

- প্রথম থেকে পঞ্চম শ্রেণির সংগীত বিষয়ে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি ও কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী

- প্রথম থেকে পঞ্চম শ্রেণির সংগীত বিষয়ে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন ছক (তথ্যপত্রে সংযোজিত) , ফলাফল সংরক্ষণ ছক, পোস্টার পেপার, সাইন পেন, মাল্টিমিডিয়া, হোয়াইট বোর্ড মার্কার।

কাজ- প্রথম থেকে পঞ্চম শ্রেণির সংগীত বিষয়ে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি ও কৌশল ব্যাখ্যা করতে পারা।

সহায়কের করণীয় :

- অংশগ্রহণকারিদের সাথে কুশল বিনিময় করবেন।
- পোস্টার পেপার অথবা মাল্টিমিডিয়ার মাধ্যমে তথ্যপত্র থেকে প্রাপ্ত মূল্যায়ন ছকটি অংশগ্রহণকারিদের প্রদর্শনপূর্বক ব্যাখ্যা করবেন।
- সংগীত মূল্যায়নে শিক্ষকের করণীয়, দলগত ও একক মূল্যায়নের নির্দেশনা তথ্যপত্র থেকে ব্যাখ্যার মাধ্যমে উপস্থাপন করবেন।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন কাকে বলে সে সম্পর্কে অংশগ্রহণকারিদের প্রশ্ন করবেন।
- দৈবচয়নের মাধ্যমে কয়েকজনকে ডেকে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের ব্যাখ্যা দিতে বলবেন।
- কোন অস্পষ্টতা থাকলে তার ব্যাখ্যা করে অধিবেশন শেষ করবেন।

১০ম দিন
অধিবেশন : ৪
সময় : ৪৫ মিনিট (২.৪৫-৩.৩০)

অধিবেশনের শিরোনাম : প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষক নির্দেশিকা থেকে প্রদর্শনী/ অনুশীলন পাঠ

অধিবেশনের উদ্দেশ্য

- সঠিক সুর, তাল, ছন্দ ও উচ্চারণ বজায় রেখে সংগীতের প্রদর্শনী/অনুশীলনী পাঠ উপস্থাপন।

প্রশিক্ষণ সামগ্রী

- হারমোনিয়াম, তবলা, সংগীত নির্দেশিকা, হোয়াইট বোর্ড মার্কার।

কাজ -সঠিক সুর, তাল, ছন্দ ও উচ্চারণ বজায় রেখে সংগীতের প্রদর্শনী/অনুশীলনী পাঠ উপস্থাপন করতে পারা।

সহায়কের করণীয় :

- অংশগ্রহণকারিদের সাথে কুশল বিনিময় করবেন।
- জাতীয় সংগীতের মূলভাবটি ব্যাখ্যা করবেন।
- শুদ্ধ উচ্চারণে সঠিক তাল ও ছন্দ বজায় রেখে গানটি আবৃত্তি করে শোনাবেন।
- তালের ছন্দ এবং মাত্রা হাতে তালি দিয়ে বোঝাবেন।
- সঠিক সুরে সম্পূর্ণ গানটি একবার গেয়ে শোনাবেন।
- সঠিক সুর, তাল, ছন্দ বজায় রেখে সমবেতভাবে গানটি গাইবেন।
- এবার দৈবচয়নের ভিত্তিতে চার/পাঁচ জনকে ডেকে গানটি গাইতে বলবেন।
- কোথাও কোন ত্রুটি থাকলে সেটি ঠিক করে দিবেন।
- শহীদ দিবসের গান, জাতীয় গীতি এ ধরনের দু'তিনটি গান অংশগ্রহণকারিদের আপনার প্রদর্শনী পাঠ উপস্থাপনের নিয়ম অনুসরণ করে অনুশীলনী পাঠ উপস্থাপন করতে বলবেন।
- আলোচনার মাধ্যমে অধিবেশনটি শেষ করবেন।

তথ্যপত্র-১
বিস্তৃত শিক্ষাক্রম
বিষয় : সংগীত (প্রথম শ্রেণি)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
১. ছড়া গান গাইতে পারা।	১.১ ছড়া গানটি শুনবে, আবৃত্তি করবে এবং গাইতে পারবে।	১.১.১ ছড়াগানটির সাথে পরিচিত হবে। ১.১.২ তালে তালে ছড়াগানটি আবৃত্তি করতে পারবে। ১.১.৩ তালে এবং সুরে ছড়াগানটি গাইতে পারবে।	১.১ নজরুল ইসলাম বাবু রচিত এবং খন্দকার নুরুল আলম সুরারোপিত 'প্রিয় ফুল শাপলা ফুল' ছড়া গান।	১..১.১ শিক্ষককে বেশ কয়েকবার ছড়াগানটি আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ১.১.২.১ শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার ছড়াগানটি আবৃত্তি করতে হবে। ১.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী শিক্ষক শিক্ষার্থীদেরকে গানটি তালে তালে গেয়ে শোনাবেন। ১.১.৩.২ শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে তালে তালে গানটি গাইবেন।	শিক্ষক নির্দেশিকায় স্বর পরিচয়, স্বরের নাম, গানের অংশ, তাল পরিচয়, তাল চর্চা, আবৃত্তি ও উচ্চারণ, আকারমাত্রিক স্বরলিপি অনুসরণ পদ্ধতি, কয়েকজন স্বনামধন্য সংগীতসাধকের ছবি, কয়েকটি অতি পরিচিত বাদ্যযন্ত্রের ছবি, স্বরলিপিসহ ছড়াগান, স্বরলিপিসহ জাতীয় সংগীত ও শিখন শেখানো কার্যাবলি অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. জাতীয় সংগীত গাইতে পারা ও গাইবার সময় সম্মান প্রদর্শন করতে পারা।	২.১ জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা . . . . বাজায় বাঁশি' পর্যন্ত শুনবে ও গাইতে পারবে। ২.২ জাতীয় সংগীত পরিবেশনকালে যথাযথ সম্মান	২.১.১ জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা . . . . বাজায় বাঁশি' পর্যন্ত পরিচিত হবে। ২.১.২ জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা . . . . বাজায় বাঁশি' পর্যন্ত	২.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।'	২.১.১.১ শিক্ষককে গানটি বেশ কয়েকবার আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ২.১.২.১ শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার গানটি আবৃত্তি করতে হবে। ২.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী শিক্ষক শিক্ষার্থীদের গানটি তালে	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
	প্রদর্শন করবে।	শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ২.১.৩ জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা . . . বাজায় বাঁশি' পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে।		তালে গেয়ে শোনবেন। ২.১.৩.২ শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে তালে তালে গানটি গাইবেন।	
		২.২.১ জাতীয় সংগীত পরিবেশনকালে কীভাবে সম্মান প্রদর্শন করতে হয় তা দেখাতে পারবে।			

বিস্তৃত শিক্ষাক্রম

বিষয় : সংগীত (দ্বিতীয় শ্রেণি)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
১. ছড়া গান গাইতে পারা।	১.১ ছড়া গান দু'টি শুনবে, আবৃত্তি করবে এবং গাইতে পারবে।	১. ছড়াগান দু'টির সাথে পরিচিত হবে। ২. তালে তালে ছড়াগান দু'টি আবৃত্তি করতে পারবে। ৩. সুরে এবং তালে ছড়াগান দু'টি গাইতে পারবে।	১.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'আমরা সবাই রাজা' ছড়া গান। ১.২ কাজী নজরুল ইসলাম রচিত 'প্রজাপতি প্রজাপতি' ছড়াগান।	১.১.১.১. শিক্ষককে বেশ কয়েকবার গান দু'টি আবৃত্তি করে শোনাতে হবে। ১.১.২.১ শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার গান দু'টি আবৃত্তি করতে হবে । ১.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী শিক্ষক শিক্ষার্থীদেরকে গান দু'টি তালে তালে গেয়ে শোনাবেন। ১.১.৩.২ শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে তালে তালে গান দু'টি গাইবেন।	শিক্ষক নির্দেশিকায় স্বর পরিচয়, স্বরের নাম, গানের অংশ, তাল পরিচয়, তাল চর্চা, আবৃত্তি ও উচ্চারণ, আকারমাত্রিক স্বরলিপি অনুসরণ পদ্ধতি, কয়েকজন স্বনামধন্য সংগীতসাধকের ছবি (প্রথম শ্রেণিতে অন্তর্ভুক্ত সুরসাধকের ছবি ব্যতীত), কয়েকটি অতি পরিচিত বাদ্যযন্ত্রের ছবি (প্রথম শ্রেণিতে ব্যবহৃত ছবি ব্যতীত), স্বরলিপিসহ ছড়াগান, স্বরলিপিসহ জাতীয় সংগীত ও শিখন শেখানো কার্যাবলি অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. জাতীয় সংগীত গাইতে পারা।	২.১ জাতীয় সংগীত প্রথম অন্তরা অর্থাৎ 'আমি কী দেখেছি মধুর হাসি' পর্যন্ত শুনবে। ২.২ জাতীয় সংগীত প্রথম অন্তরা পর্যন্ত গাইতে পারবে। ২.৩ জাতীয় সংগীত পরিবেশনকালে যথাযথ সম্মান প্রদর্শন করবে।	২.১.১ জাতীয় সংগীত প্রথম অন্তরা পর্যন্ত পরিচিত হবে। ২.১.২ জাতীয় সংগীতটি আবৃত্তি করতে পারবে। ২.২.১ জাতীয় সংগীতের প্রথম অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে। ২.৩.১ জাতীয় সংগীত পরিবেশনকালে কীভাবে সম্মান	২.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।'	২.১.১.১ জাতীয় সংগীতটি শিক্ষককে বেশ কয়েকবার আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ২.১.২.১ শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার জাতীয় সংগীতটি আবৃত্তি করতে হবে। ২.২.১.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী শিক্ষক শিক্ষার্থীদের গানটি তালে তালে গেয়ে শোনাবেন। ২.২.১.২ শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে তালে তালে গানটি গাইবেন।	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
		প্রদর্শন করতে হয় তা দেখাতে পারবে।			
৩. শহীদ দিবসের গান গাইতে পারা।	৩.১ শহীদ দিবসের গানটির প্রথম চার লাইন শুনবে। ৩.২ শহীদ দিবসের গানটির প্রথম চার লাইন গাইতে পারবে।	৩.১.১ শহীদ দিবসের গানের সাথে পরিচিত হবে। ৩.১.২ শহীদ দিবসের গানটি আবৃত্তি করতে পারবে। ৩.১.৩ শহীদ দিবসের গানটির প্রথম চার লাইন গাইতে পারবে।	৩.১ আবদুল গাফফার চৌধুরী রচিত ও শহীদ আলতাফ মাহমুদ সুরারোপিত শহীদ দিবসের গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'।	৩.১.১.১ শহীদ দিবসের গানটি শিক্ষককে বেশ কয়েকবার আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ৩.১.২.১ শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার শহীদ দিবসের গানটি আবৃত্তি করতে হবে। ৩.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী শিক্ষক শিক্ষার্থীদের গানটি তালে তালে গেয়ে শোনাবেন। ৩.১.৩.২ শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে তালে তালে গানটি গাইবেন।	

বিস্তৃত শিক্ষাক্রম

বিষয় : সংগীত (তৃতীয় শ্রেণি)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
২. জাতীয় সংগীত গাইতে পারা।	২.১ জাতীয় সংগীত সঞ্চারী পর্যন্ত গাইতে পারবে। ২.২ জাতীয় সংগীত পরিবেশনকালে যথাযথ সম্মান প্রদর্শন করবে।	২.১.১ জাতীয় সংগীত সঞ্চারী পর্যন্ত শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ২.১.২ জাতীয় সংগীত সঞ্চারী পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে। ২.২.১ জাতীয় সংগীত পরিবেশনকালে কীভাবে সম্মান প্রদর্শন করতে হয় তা দেখাতে পারবে।	২.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।'	২.১.১.১ শুদ্ধ বলা ও উচ্চারণ করার জন্য শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার সঞ্চারী পর্যন্ত আবৃত্তি করতে হবে। ২.১.১.২ সঞ্চারী পর্যন্ত জাতীয় সংগীতটি শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ২.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী সঞ্চারী পর্যন্ত সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	শিক্ষক নির্দেশিকায় স্বর পরিচয়, স্বরের নাম, গানের অংশ, তাল পরিচয়, তাল চর্চা, আবৃত্তি ও উচ্চারণ, আকারমাত্রিক স্বরলিপি অনুসরণ পদ্ধতি, কয়েকজন স্বনামধন্য সংগীতসাধকের ছবি (প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে অন্তর্ভুক্ত সুরসাধকের ছবি ব্যতীত), কয়েকটি অতি পরিচিত বাদ্যযন্ত্রের ছবি (প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে ব্যবহৃত ছবি ব্যতীত), স্বরলিপিসহ ছড়াগান, স্বরলিপিসহ জাতীয় সংগীত ও শিখন শেখানো কার্যাবলি অন্তর্ভুক্ত থাকতে হবে।
৪. শহীদ দিবসের গান গাইতে পারা।	৪.১.১ শহীদ দিবসের গানের প্রথম অন্তরা পর্যন্ত অর্থাৎ 'আমার সোনার দেশের রক্তে রাঙা . . . . . .ভুলিতে পারি' পর্যন্ত শুদ্ধ উচ্চারণে আবৃত্তি	৩.১.১ শহীদ দিবসের গানের প্রথম অন্তরা পর্যন্ত সঠিক উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৩.১.২ শহীদ দিবসের গান সুরে ও তালে গাইতে পারবে।	৩.২ আবদুল গাফফার চৌধুরী রচিত ও শহীদ আলতাফ মাহমুদ সুরারোপিত শহীদ দিবসের গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'।	৪.১.১.১ শহীদ দিবসের গানটির প্রথম অন্তরা পর্যন্ত শিক্ষককে বেশ কয়েকবার আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ৪.১.১.২ শিক্ষককে শহীদ দিবসের গানের প্রথম অন্তরা পর্যন্ত শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে।	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
	করতে পারবে এবং গাইতে পারবে।			৩.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী গানটির প্রথম অন্তরা পর্যন্ত সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৪. বিশ্বসংগীত উপযোগী গান গাইতে পারা।	৪.১ বিশ্বসংগীত 'আমরা করব জয়' প্রথম চার লাইন গাইতে পারবে।	৪.১.১ বিশ্বসংগীতটির সাথে পরিচিত হবে। ৪.১.২ বিশ্বসংগীতটির প্রথম চার লাইন শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৪.১.৩ বিশ্বসংগীতটির প্রথম চার লাইন সুরে ও তালে গাইতে পারবে।	৪.২ বিশ্বসংগীত 'আমরা করব জয়'।	৪.১.১.১ শিক্ষককে বেশ কয়েকবার বিশ্বসংগীতটি আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ৪.১.২.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার বিশ্বসংগীতের প্রথম চার লাইন আবৃত্তি করতে হবে। ৪.১.২.২ বিশ্বসংগীতের প্রথম চার লাইন শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৪.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী বিশ্বসংগীতের প্রথম চার লাইন সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
				অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৫. বাংলাদেশের একটি লোকসংগীত গাইতে পারা।	৫.১ 'আল্লা মেঘ দে পানি দে' লোকসংগীতটি শুনবে, আবৃত্তি করবে এবং গাইতে পারবে।	৫.১.১ 'আল্লা মেঘ দে পানি দে' লোকসংগীতটির সাথে পরিচিত হবে। ৫.১.২ লোকসংগীতটি তালে তালে আবৃত্তি করতে পারবে। ৫.১.৩ লোকসংগীতটি সুরে এবং তালে গাইতে পারবে।	৫.১. গিরীন চক্রবর্তী সুরারোপিত প্রচলিত লোকসংগীত 'আল্লা মেঘ দে পানি দে'।	৫.১.১.১ শিক্ষককে বেশ কয়েকবার লোকসংগীতটির স্থায়ী এবং প্রথম দুই অন্তরা আবৃত্তি করে শোনাতে হবে। ৫.১.২.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার লোকসংগীতটির স্থায়ী এবং প্রথম দুই অন্তরা আবৃত্তি করতে হবে। ৫.১.২.২ লোকসংগীতটির স্থায়ী এবং প্রথম দুই অন্তরা শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৫.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী লোকসংগীতটির স্থায়ী এবং প্রথম দুই অন্তরা সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৬. শ্রমের মর্যাদা সম্পর্কিত গান গাইতে পারা।	৬.১ শ্রমের মর্যাদা সম্পর্কিত গান শুনবে, আবৃত্তি করবে এবং গাইতে পারবে।	৬.১.১ শ্রমের মর্যাদা সম্পর্কিত গানের সাথে পরিচিত হবে। ৬.১.২ শ্রমের মর্যাদা	৬.১ আবদুল লতিফ রচিত এবং সুরারোপিত 'নিজের হাতে কাজ কর'।	৬.১.১.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার শ্রমের মর্যাদা সম্পর্কিত গানটি আবৃত্তি করতে হবে। ৬.১.১.২ গানটির স্থায়ী এবং অন্তরা	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
		সম্পর্কিত গানটি শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৬.১.৩ শ্রমের মর্যাদা সম্পর্কিত গানটি সুরে ও তালে গাইতে পারবে।		শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৬.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী সম্পূর্ণ গানটি সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	

বিস্তৃত শিক্ষাক্রম

বিষয় : সংগীত (চতুর্থ শ্রেণি)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
৩. জাতীয় সংগীত গাইতে পারা।	২.১ জাতীয় সংগীত দ্বিতীয় অন্তরা পর্যন্ত গাইতে পারবে। ২.২ জাতীয় সংগীত পরিবেশনকালে যথাযথ সম্মান প্রদর্শন করবে।	২.১.৩ জাতীয় সংগীত দ্বিতীয় অন্তরা পর্যন্ত শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ২.১.৪ জাতীয় সংগীত দ্বিতীয় অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে। ২.২.১ জাতীয় সংগীত পরিবেশনকালে কীভাবে সম্মান প্রদর্শন করতে হয় তা দেখাতে পারবে।	৩.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।'	২.১.১.১ শুদ্ধ বলা ও উচ্চারণ করার জন্য শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার দ্বিতীয় অন্তরা পর্যন্ত আবৃত্তি করতে হবে। ২.১.১.২ দ্বিতীয় অন্তরা পর্যন্ত জাতীয় সংগীতটি শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ২.১.৪.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী দ্বিতীয় অন্তরা পর্যন্ত সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	শিক্ষক নির্দেশিকায় স্বর পরিচয়, স্বরের নাম, গানের অংশ, তাল পরিচয়, তাল চর্চা, আবৃত্তি ও উচ্চারণ, গানের পরিভাষা পরিচিতি, আকারমাত্রিক স্বরলিপি অনুসরণ পদ্ধতি, কয়েকজন স্বনামধন্য সংগীতসাধকের ছবি (পূর্ববর্তী শ্রেণিতে অন্তর্ভুক্ত সুরসাধকের ছবি ব্যতীত), কয়েকটি অতি পরিচিত বাদ্যযন্ত্রের ছবি (পূর্ববর্তী শ্রেণিতে ব্যবহৃত ছবি ব্যতীত), স্বরলিপিসহ ছড়াগান, স্বরলিপিসহ জাতীয় সংগীত ও শিখন শেখানো কার্যাবলি অন্তর্ভুক্ত থাকতে হবে।
৫. শহীদ দিবসের গান গাইতে পারা।	৫.১ শহীদ দিবসের গানের প্রথম অন্তরা পর্যন্ত গাইতে পারবে।	৫.১.১ শহীদ দিবসের গানের প্রথম অন্তরা পর্যন্ত অর্থাৎ 'আমার সোনার দেশের রক্তে রাঙা . . . . .ভুলিতে পারি' পর্যন্ত শুদ্ধ	৩.১ আবদুল গাফফার চৌধুরী রচিত ও শহীদ আলতাফ মাহমুদ সুরারোপিত	৩.১.১.১ শহীদ দিবসের গানটির প্রথম অন্তরা শিক্ষককে বেশ কয়েকবার আবৃত্তি করে শিক্ষার্থীদের শোনাতে হবে। ৩.১.১.২ শিক্ষককে শহীদ দিবসের গানের প্রথম অন্তরা শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে।	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
		উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৫.১.২ শহীদ দিবসের গান প্রথম অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে।	শহীদ দিবসের গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'।	৩.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী গানটির প্রথম অন্তরা সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৪. বিশ্বসংগীত উপযোগী গান গাইতে পারা।	৪.১ 'আমরা করব জয়' সম্পূর্ণ বিশ্বসংগীতটি শুনবে, আবৃত্তি করবে এবং গাইতে পারবে।	৪.১.১ বিশ্বসংগীতটির সাথে পরিচিত হবে। ৪.১.২ বিশ্বসংগীতটি শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৪.১.৩ বিশ্বসংগীতটির স্থায়ী এবং অন্তরা সুরে এবং তালে গাইতে পারবে।	৪.১ বিশ্বসংগীত 'আমরা করব জয়'।	৪.১.১.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার সম্পূর্ণ বিশ্বসংগীত আবৃত্তি করতে হবে। ৪.১.১.২ বিশ্বসংগীতের স্থায়ী এবং অন্তরা শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৪.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী সম্পূর্ণ বিশ্বসংগীতটি সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৭. উদ্দীপনামূলক গান গাইতে পারা।	৭.১ উদ্দীপনামূলক গান 'চল্ চল্ চল্' শুনবে, আবৃত্তি করতে পারবে এবং গাইতে পারবে।	৭.১.১ 'চল্ চল্ চল্' উদ্দীপনামূলক গানটির সাথে পরিচিত হবে। ৭.১.২ উদ্দীপনামূলক গান 'চল্ চল্ চল্' তালে তালে শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে	৭.১ কাজী নজরুল ইসলাম রচিত এবং সুরারোপিত রণসংগীত 'চল্ চল্ চল্'।	৭.১.১.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার উদ্দীপনাময় গানটি আবৃত্তি করতে হবে। ৭.১.১.২ গানটির স্থায়ী, অন্তরা এবং সঞ্চারী শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৭.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী সম্পূর্ণ গানটি	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
		পারবে। ৭.১.৩ উদ্দীপনামূলক গান 'চল্ চল্ চল্' সুরে ও তালে গাইতে পারবে।		সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
১০. দেশাত্মবোধক গান গাইতে পারা।	১০.১ দেশাত্মবোধক গান 'ধন ধান্য পুষ্প ভরা' গানটির প্রথম তিনটি স্তবক শুনবে, আবৃত্তি করতে পারবে এবং গাইতে পারবে।	১০.১.১ দেশাত্মবোধক গান 'ধন ধান্য পুষ্প ভরা' গানটির প্রথম তিনটি স্তবকের সাথে পরিচিত হবে। ১০.১.২ দেশাত্মবোধক গান 'ধন ধান্য পুষ্প ভরা' গানটির প্রথম তিনটি স্তবক শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ১০.১.৩ দেশাত্মবোধক গান 'ধন ধান্য পুষ্প ভরা' গানটির প্রথম তিনটি স্তবক সুরে ও তালে গাইতে পারবে।	১০.১ দ্বিজেন্দ্র লাল রায় রচিত ও সুরারোপিত দেশাত্মবোধক গান 'ধন ধান্য পুষ্প ভরা'।	১০.১.১.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার দেশাত্মবোধক গানটির প্রথম তিনটি স্তবক আবৃত্তি করতে হবে। ১০.১.১.২ গানটির প্রথম তিনটি স্তবক শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ১০.১.৩.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী গানটির প্রথম তিনটি স্তবক সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	

বিস্তৃত শিক্ষাক্রম

বিষয় : সংগীত (পঞ্চম শ্রেণি)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
২. জাতীয় সংগীত গাইতে পারা।	২.১ জাতীয় সংগীতের দ্বিতীয় অন্তরা পর্যন্ত গাইতে পারবে। ২.২ জাতীয় সংগীত পরিবেশনকালে যথাযথ সম্মান প্রদর্শন করবে।	২.১.১ জাতীয় সংগীতের দ্বিতীয় অন্তরা পর্যন্ত শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ২.১.২ জাতীয় সংগীতের দ্বিতীয় অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে। ২.২.১ কীভাবে সম্মান প্রদর্শন করতে হয় তা দেখাতে পারবে।	২.১ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।'	২.১.১.৩ শুদ্ধ বলা ও উচ্চারণ করার জন্য শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে বেশ কয়েকবার দ্বিতীয় অন্তরা পর্যন্ত আবৃত্তি করতে হবে। ২.১.১.৪ দ্বিতীয় অন্তরা পর্যন্ত শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ২.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী দ্বিতীয় অন্তরা পর্যন্ত সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	শিক্ষক নির্দেশিকায় স্বর পরিচয়, স্বরের নাম, গানের অংশ, তাল পরিচয়, তাল চর্চা, আবৃত্তি ও উচ্চারণ, গানের পরিভাষা পরিচিতি, আকারমাত্রিক স্বরলিপি অনুসরণ পদ্ধতি, কয়েকজন স্বনামধন্য সংগীতসাধকের ছবি (পূর্ববর্তী শ্রেণিতে অন্তর্ভুক্ত সুরসাধকের ছবি ব্যতীত), কয়েকটি অতি পরিচিত বাদ্যযন্ত্রের ছবি (পূর্ববর্তী শ্রেণিতে ব্যবহৃত ছবি ব্যতীত), গান পরিচিতি, স্বরলিপিসহ ছড়াগান, স্বরলিপিসহ জাতীয় সংগীত ও শিখন শেখানো কার্যাবলি অন্তর্ভুক্ত থাকতে হবে।
৩. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো	৩.১ শহীদ দিবসের গানটির প্রথম অন্তরা পর্যন্ত অর্থাৎ	৩.১.১ শহীদ দিবসের গানটির প্রথম	৩.১ আবদুল গাফফার চৌধুরী রচিত ও	৩.১.১.১ শুদ্ধ বলা ও উচ্চারণ করার জন্য শিক্ষককে শিক্ষার্থীদের সাথে নিয়ে	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
একুশে ফেব্রুয়ারি' শহীদ দিবসের গানটি গাইতে পারা।	'আমার সোনার . . . . ভুলিতে পারি' পর্যন্ত গাইতে পারবে।	অন্তরা পর্যন্ত অর্থাৎ 'আমার সোনার . . . . ভুলিতে পারি' পর্যন্ত শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৩.১.২ শহীদ দিবসের গানটির প্রথম অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে।	শহীদ আলতাফ মাহমুদ সুরারোপিত শহীদ দিবসের গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'।	বেশ কয়েকবার গানটির প্রথম অন্তরা পর্যন্ত আবৃত্তি করতে হবে। ৩.১.১.২ গানটি প্রথম অন্তরা পর্যন্ত শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৩.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী গানটি সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	
৮. হাম্‌দ/ প্রার্থনা সংগীত গাইতে পারা।	৮.১ 'এই সুন্দর ফুল সুন্দর ফল' হাম্‌দটি শুনবে, আবৃত্তি করতে পারবে এবং গাইতে পারবে অথবা প্রার্থনা সংগীত 'আনন্দলোকে মঙ্গলালোকে' প্রথম দুই অন্তরা পর্যন্ত শুনবে, আবৃত্তি করতে পারবে এবং গাইতে পারবে।	৮.১.১ 'এই সুন্দর ফুল সুন্দর ফল' হাম্‌দটি অথবা প্রার্থনা সংগীত 'আনন্দলোকে মঙ্গলালোকে' প্রথম দুই অন্তরা পর্যন্ত পরিচিত হবে। ৮.১.২ হাম্‌দ/ প্রার্থনা সংগীতটি প্রথম দুই অন্তরা শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। ৮.১.৩ হামদ/প্রার্থনা সংগীতটি প্রথম দুই অন্তরা পর্যন্ত সুরে ও তালে গাইতে পারবে।	৮.১ কাজী নজরুল ইসলাম রচিত হাম্‌দ 'এই সুন্দর ফুল সুন্দর ফল' অথবা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত এবং সুরারোপিত 'আনন্দলোকে মঙ্গলালোকে'।	৮.১.১.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার হাম্‌দ/প্রার্থনা সংগীতের স্থায়ী এবং প্রথম দুই অন্তরা আবৃত্তি করতে হবে। ৮.১.১.২ হাম্‌দ/প্রার্থনা সংগীতের স্থায়ী এবং দুই অন্তরা শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৮.১.২.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী হাম্‌দ/প্রার্থনা সংগীতের স্থায়ী এবং দুই অন্তরা সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা
৯. মুক্তিযুদ্ধের গান গাইতে পারা।	৯.১ মুক্তিযুদ্ধের গানটি শুনবে, আবৃত্তি করতে পারবে এবং গাইতে পারবে।	৯.১.১ মুক্তিযুদ্ধ সম্পর্কে জানবে। ৯.১.২ মুক্তিযুদ্ধের গানটির সাথে পরিচিত হবে। ৯.১.৩ মুক্তিযুদ্ধের গানটি তালে তালে আবৃত্তি করতে পারবে। ৯.১.৪ মুক্তিযুদ্ধের গানটি সুরে ও তালে গাইতে পারবে।	৯.১ আবুল কাসেম সন্দ্বীপ রচিত ও সুজেয় শ্যাম সুরারোপিত 'রক্ত দিয়ে নাম লিখেছি বাংলাদেশের নাম'।	৯.১.১.১ বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে শিক্ষার্থীদের বলতে হবে। ৯.১.৩.১ শিক্ষার্থীদের নিয়ে বেশ কয়েকবার মুক্তিযুদ্ধের গানের স্থায়ী, অন্তরা, সঞ্চারী অংশগুলো আলাদা আলাদাভাবে আবৃত্তি করতে হবে। ৯.১.৩.২ মুক্তিযুদ্ধের গানের স্থায়ী, অন্তরা, সঞ্চারী অংশগুলো শিক্ষার্থীদের লিখিয়ে দিতে হবে। ৯.১.৪.১ শিক্ষক নির্দেশিকায় প্রদত্ত স্বরলিপি অনুযায়ী মুক্তিযুদ্ধের গান সম্ভাব্য ক্ষেত্রে হারমোনিয়াম, তবলা সহযোগে শেখানোর চেষ্টা করতে হবে। প্রয়োজনে অডিও-ভিডিও ক্যাসেট বা সিডির সাহায্য নিতে হবে।	

তথ্যপত্র-২

বিষয় : সংগীত

শ্রেণি : ১ম - ৫ম

ভূমিকা :

সঙ্গীত সুকুমারবৃত্তি চর্চার অন্যতম মাধ্যম। কোন্ জাতি কত উন্নত তার মাপকাঠি হলো তার সংস্কৃতি। তাই সঙ্গীত বিষয়টিকে সুকুমারবৃত্তি চর্চার একটি বিষয় হিসেবে প্রাথমিক শিক্ষার স্তর থেকেই গুরুত্ব দেয়া হয়েছে। শিশুকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য তার ভেতরে মানবিক, সামাজিক মূল্যবোধ জাগিয়ে তোলার ক্ষেত্রে সঙ্গীত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিশুর নৈতিক ও সামাজিক গুণাবলী অর্জনে এবং নিজ দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, কৃষ্টি ইত্যাদির প্রতি শ্রদ্ধাশীল করে তোলার জন্য বিভিন্ন চেতনার আঙ্গিকে উপযুক্ত গান চয়ন করা হয়েছে এই শিক্ষাক্রমে- যা অর্জনের মাধ্যমে শিশু সুনাগরিক হয়ে উঠবে।

এছাড়াও শ্রেণিকার্য পরিচালনার ক্ষেত্রে শিক্ষার্থী বান্ধব নিরাপদ পরিবেশ তৈরিতে সংগীত এর ভূমিকা অপরিসীম। শিশুদেরকে বিদ্যালয়মুখী করে গড়ে তোলার ক্ষেত্রে এবং দৈনিক উপস্থিতি বৃদ্ধির ক্ষেত্রে সংগীত একটি বিরাট ভূমিকা পালন করে।

বিগত সময়ে সঙ্গীতের মূল্যায়নের ক্ষেত্রে আলাদাভাবে তেমন কোনো সুস্পষ্ট গাইড লাইন বা নির্দেশনা ছিল না বিধায় এর প্রয়োজনীয়তা উপলব্ধি করে শিক্ষার্থীর ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের মধ্য দিয়ে বর্তমানে শিক্ষার গুণগতমানকে নিশ্চিত করার লক্ষ্যে মূল্যায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এতে করে শিক্ষার্থীর সংগীত শিক্ষণের প্রতিটি ক্ষেত্রে অর্থাৎ একক বা দলগতভাবে আবৃত্তি, সুর, তাল, ছন্দ ইত্যাদি বিষয়ে আলাদা আলাদাভাবে নম্বর বণ্টনের সুযোগ রয়েছে।

সাধারণ নির্দেশনা

সংগীত বিষয়ের মূল্যায়নে শিক্ষকের জন্য করণীয়–

১। শিক্ষক শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার সময় ধারাবাহিক মূল্যায়ন করবেন।

২। ধারাবাহিক মূল্যায়ন অনানুষ্ঠানিকভাবে পরিচালনা করবেন, যাতে শিশুরা তা বুঝতে না পারে।

৩। শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার সময় শিক্ষক যথাযথ মূল্যায়ন কৌশল অবলম্বন করবেন।

৪। সংগীত পরিবেশনের সময় শিক্ষার্থীর স্বতঃস্ফূর্ততা, দেশপ্রেম, শ্রদ্ধাবোধ, প্রকাশভঙ্গী ইত্যাদি পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন।

৫। প্রতিটি গান পরিবেশনের সময় সঠিক উচ্চারণ, সুর, তাল ও ছন্দ পর্যবেক্ষণপূর্বক মুল্যায়ন করবেন।

৬। দলগত মূল্যায়নের ক্ষেত্রে সঙ্গীত পরিবেশনের সময় দলটির সামগ্রিকভাবে সঠিক সুর, তাল, ছন্দ বিবেচনা করে দলীয়ভাবে সকলকে সমান নম্বর প্রদান করবেন।

৭। শিক্ষক প্রতি মাসে একবার ধারাবাহিক মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করবেন।

৮। প্রতি তিন মাসের ফলাফলের ভিত্তিতে প্রান্তিকের/সাময়িকের জন্য নম্বর প্রদান করে তা সংরক্ষণ করবেন।

৯। ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত তিনটি প্রান্তিক/সাময়িক পরীক্ষার নম্বর গড় করে সমাপনী পরীক্ষায় নম্বর যুক্ত হবে।

দলগত মূল্যায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে শ্রেণি কার্যক্রমের শুরুতে বা শেষে ৫ মিনিট সারগাম অনুশীলন করবেন।
- শিক্ষক ১০ জন শিক্ষার্থী নিয়ে এক একটি দল গঠন করবেন।
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে শিক্ষার্থীদেরকে গানের সঠিক বাণী বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীরা তা খাতায় লিখে নিবে ও বার বার অনুশীলন করবে।
- শিক্ষক গানের বাণী সঠিক/প্রমিত উচ্চারণে শিক্ষার্থীদের আবৃত্তি করে শোনাবেন।
- শিক্ষার্থীরা শিক্ষককে অনুসরণ করে আবৃত্তি করবে। শিক্ষক শিক্ষার্থীদেরকে পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন।
- সংগীতের মূল ভাবের সাথে শিক্ষার্থীকে পরিচিত করে তুলতে হবে। গানের বিভিন্ন বোধের সাথে একাত্ম হয়ে শিক্ষার্থীকে গান পরিবেশন করতে হবে।
- শিক্ষক সঠিক সুরে, তাল, ছন্দে গানটি গেয়ে শোনাবেন।
- এরপর শিক্ষকের সাথে সাথে শিক্ষার্থীরা গানটি গাইবে।
- দলের সকল শিক্ষার্থীকে গানের সঠিক বাণী, উচ্চারণ, সুর, তাল ও ছন্দের নির্ধারিত গানটি পরিবেশন করতে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- কোনো শিক্ষার্থী নির্ধারিত গানের সঠিক বাণী, উচ্চারণ, সুর, তাল ছন্দের কাছাকাছি না যাওয়া পর্যন্ত শিক্ষক তার শিক্ষণ দুর্বলতা পর্যবেক্ষণ করে ধারাবাহিকভাবে তাকে Feedback দিতে থাকবেন।
- শিক্ষক দলগতভাবে সকল শিক্ষার্থীকে মূল্যায়ন করে সবাইকে সমান নম্বর প্রদান করবেন।

একক মূল্যায়ন

- এককভাবে নির্ধারিত গানটি সঠিক বাণী ও শুদ্ধ উচ্চারণে পরিবেশন করতে পারছে কি না তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীর শিক্ষণ দুর্বলতা পর্যবেক্ষণ করে ধারাবাহিকভাবে তাকে Feedback দিতে থাকবেন।
- শিক্ষক নির্ধারিত গানটি সঠিক বাণী ও উচ্চারণে পরিবেশনের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন এবং এককভাবে তাদের নম্বর প্রদান করবেন।
- শিক্ষার্থী নির্ধারিত গানটি সঠিক সুর, তাল ও ছন্দে পরিবেশন করতে পারছে কি না তা শুনে শিক্ষক তাদেরকে এককভাবে নম্বর প্রদান করবেন।

নম্বর বিভাজন
শ্রেণি : ১ম - ৫ম
মোট নম্বর : ৫০

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন				সামষ্টিক মূল্যায়ন		
	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীতের দক্ষতা		● শুদ্ধ উচ্চারণে সুর, তাল ও ছন্দে গান গাইতে পারে (দলগত)	● গানের বাণী শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে (একক)	● সঠিক সুর, তাল ও ছন্দে গান গাইতে পারবে (একক)
	● সংগীত সংশ্লিষ্ট জ্ঞান : গানের প্রকৃতি, গীতিকার ও সুরকারের নাম, বাদ্যযন্ত্রের নাম ইত্যাদি ● ব্যবহারিক জ্ঞান : সারগাম ও তালজ্ঞান।	আগ্রহ, স্বতঃস্ফূর্ততা দেশপ্রেম শ্রদ্ধাবোধ প্রকাশভঙ্গি ইত্যাদি	● গানের সঠিক বাণী ● শুদ্ধ উচ্চারণে আবৃত্তি	সঠিক সুর, তাল, ছন্দ গাইতে পারবে। (একক ও দলগত)			
	৩০				২০		
১ম	৫	৫	৫+৫	৫+৫	৫	৭	৮
২য়	৫	৫	৫+৫	৫+৫	৫	৭	৮
	২৫				২৫		
৩য়	৫	৫	৫	৫+৫	৫	৫	১৫
৪র্থ	৫	৫	৫	৫+৫	৫	৫	১৫
৫ম	৫	৫	৫	৫+৫	৫	৫	১৫
সমাপনী	৫	৫	৫	৫+৫	৫	৫	১৫

সমাপনী পরীক্ষায় ৩টি প্রান্তিক পরীক্ষার নম্বর গড় করে নম্বর যুক্ত হবে।

ধারাবাহিক মূল্যায়ন :

বিষয়জ্ঞান

বিষয় সংশ্লিষ্ট জ্ঞান :

- **গানের প্রকৃতি/ধরন–**

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।

আমরা করবো জয়।

প্রিয় ফুল শাপলা ফুল।

আল্লাহ মেঘ দে পানি দে।

রক্ত দিয়ে নাম লিখেছি বাংলাদেশের নাম ইত্যাদি কোন ধরনের গান? শিক্ষার্থী তা বলতে পারবে।

- **গীতিকার ও সুরকার–**

প্রিয় ফুল শাপলা ফুল।

আনন্দলোকে মঙ্গলালোকে

আমার ভাইয়ের রক্তে রাঙানো ইত্যাদি গানের গীতিকার ও সুরকার এর নাম বলতে পারবে।

- **বাদ্যযন্ত্র –**

গানের সঙ্গে কী কী বাদ্যযন্ত্র ব্যবহার করা হয় তার নাম বলতে পারবে। (নির্দেশিকায় প্রদত্ত ছবি দেখিয়ে) যেমন হারমোনিয়াম, তবলা ইত্যাদি।

- **সারগাম**– সা রে গা মা গাইতে পারবে।

- **তালজ্ঞান–**

হাতে তালি দিয়ে এবং সংখ্যা গণনা করে বিভিন্ন তাল সম্পর্কে বলতে পারবে।

(নির্দেশিকায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী যেমন দাদরা, কাহারবা)

'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি কোন তালে তা বলতে পারবে।

সক্রিয় অংশগ্রহণ :

শিক্ষার্থী গানটির প্রকৃতি/ধরন অনুসরণ করে যথাযথ আগ্রহ, স্বত:স্ফূর্ততা প্রদর্শনের মাধ্যমে, দেশপ্রেম ও শ্রদ্ধাবোধে উদ্বুদ্ধ হয়ে সংগীত পরিবেশন করতে পারছে কি না তা পর্যবেক্ষণ করে শিক্ষক শিক্ষার্থী মূল্যায়ন করবেন। যেমন-জাতীয় সংগীত গাইবার সময় শিক্ষার্থী সোজা হয়ে দাঁড়িয়ে শ্রদ্ধাভরে গানটি গাইতে পারছে কি না তা পর্যবেক্ষণ করে তাকে মূল্যায়ন করবেন। যদি শিক্ষার্থী যথাযথভাবে সংগীতটি পরিবেশন করতে ব্যর্থ হয় তবে শিক্ষক তার শিখন দুর্বলতা নিরাময়ের জন্য ধারাবাহিকভাবে তাকে বুঝিয়ে দিবেন এবং তাকে গানটি সঠিকভাবে গাইবার জন্য উৎসাহিত করবেন।

সংগীত দক্ষতা :

- শিক্ষার্থী **গানের বাণী** সঠিকভাবে বলতে পারবে।

যেমন- ১ম শ্রেণিতে শিক্ষার্থীরা 'প্রিয় ফুল শাপলা ফুল' গানটির বাণী সঠিকভাবে বলতে পারবে।

- শিক্ষক ৩য়, ৪র্থ, ৫ম শ্রেণিতে বোর্ডে গানের বাণী লিখে দিবেন।
- গান **সঠিক সুরে** গাইতে পারবে। (গানের সিডি বা মোবাইল ফোনে রেকর্ডকৃত গানের সুর অনুযায়ী) যেমন- চতুর্থ শ্রেণিতে 'চল্ চল্ চল্' গানটি সঠিক সুরে গাইতে পারবে।
- গান **তালে তালে** গাইতে পারবে (প্রযোজ্য ক্ষেত্রে হাতে তালি দিয়ে)
  যেমন তৃতীয় শ্রেণিতে 'নিজের হাতে কাজ কর' গানটি কাহারবা তালে গাইতে পারবে।
- গান **সঠিক ছন্দ** বজায় রেখে গাইতে পারবে।
  যেমন তৃতীয় শ্রেণিতে 'আল্লাহ মেঘ দে, পানি দে' গানটি সঠিক ছন্দে গাইতে পারবে।

সামষ্টিক মূল্যায়ন :

দলগত : শিক্ষক শ্রেণিকক্ষে ১০ জন শিক্ষার্থী নিয়ে দলগঠন করে দলগতভাবে নিধারিত গানটি শুনবেন। গানটি পরিবেশনকালে দলটি **সামগ্রিকভাবে** সঠিক সুর, তাল, ছন্দের কতটুকু কাছাকাছি যেতে পারছে তা বিবেচনা করে দলীয়ভাবে মূল্যায়ন করবেন। শিক্ষক দলীয়ভাবে সকলকে সমান নম্বর প্রদান করবেন এবং উচ্চারণ ও বাণী সঠিক হচ্ছে কি না তা মূল্যায়ন করবেন।

একক:

- শিক্ষার্থী সঠিকভাবে **গানের বাণী** বলতে পারবে।
- শিক্ষার্থী **সঠিক উচ্চারণে** গানের বাণী আবৃত্তি করতে পারবে।
- সঠিক **সুরে, তালে ও ছন্দে** গানটি গাইতে পারবে।

ধারাবাহিক মূল্যায়ন কাঠামো
শ্রেণি : ১ম ও ২য় (মোট নম্বর ৩০)
৩য় থেকে ৫ম (মোট নম্বর ২০)

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
বিষয়জ্ঞান	• নির্ধারিত গানের প্রকৃতি/ধরন • সুরকার ও গীতিকারের নাম, বাদ্যযন্ত্রের নাম ইত্যাদি। • সারগাম-সা রে গা মা • তালজ্ঞান	মৌখিক (প্রশ্নোত্তরের মাধ্যমে)	• মৌখিক চেকলিস্ট • পর্যবেক্ষণ চেকলিস্ট	• কোনো শিক্ষার্থী বিষয়বস্তু সম্পর্কে সম্পূর্ণ না জানা পর্যন্ত শিক্ষক তাকে ধারাবাহিকভাবে Feedback দিবেন। • বিভিন্ন গানের প্রকৃতি এবং প্রেক্ষাপট সম্পর্কিত প্রশ্ন করে, গীতিকার ও সুরকারের পরিচয় সম্পর্কিত প্রশ্ন করে, বাদ্যযন্ত্রের পরিচিতি বিষয়ক প্রশ্ন করে শিক্ষক এককভাবে শিক্ষার্থী মূল্যায়ন করবেন। • প্রথম শ্রেণিতে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটির প্রথম চার লাইনে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন মূল্যায়ন করবেন। • দ্বিতীয় শ্রেণিতে শিক্ষক 'আমরা সবাই রাজা' গানটি দলীয়ভাবে শিক্ষার্থীদের গাইতে দিয়ে তাদের মাঝে গণতান্ত্রিক মনোভাব প্রকাশ পেয়েছে কি না তা পর্যবেক্ষণ করে তাদের মূল্যায়ন করবেন। • শিক্ষক হারমোনিয়াম বাজাবেন, শিক্ষার্থীরা একক/দলগতভাবে সা রে গা মা গেয়ে শোনাবে। শিক্ষক তা পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন। • শিক্ষক হাতে তালি দিয়ে শিক্ষার্থীদেরকে নির্ধারিত গানের তাল এককভাবে বুঝিয়ে দেবেন এবং শিক্ষার্থীদেরকে এককভাবে হাতে তালি দিয়ে তাল বুঝিয়ে দিতে বলবেন।
সক্রিয় অংশগ্রহণ	• নির্ধারিত গানের প্রকৃতি/ধরন অনুসারে শিক্ষার্থীর মাঝে আগ্রহ, স্বতঃস্ফুর্ততা, দেশপ্রেম, শ্রদ্ধাবোধ, প্রকাশভঙ্গির যথাযথ প্রকাশ।	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	• কোনো শিক্ষার্থী নির্ধারিত গানের সঠিক বাণী, উচ্চারণ, সুর, তাল ছন্দের কাছাকাছি না যাওয়া পর্যন্ত শিক্ষক তার শিক্ষণ দুর্বলতা পর্যবেক্ষণ করে ধারাবাহিকভাবে তাকে Feedback দিতে থাকবেন। • শ্রেণি সামর্থ্য অনুযায়ী শিক্ষার্থীদের নির্ধারিত গানটি গাইতে দিয়ে শিক্ষক শিক্ষার্থীদের মাঝে আগ্রহ,স্বতঃস্ফুর্ততা,দেশপ্রেম,শ্রদ্ধাবোধ,প্রকাশভঙ্গি পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন।
সংগীত দক্ষতা	• গানের সঠিক বাণী • গানের শুদ্ধ উচ্চারণ • সঠিক সুর, তাল ও ছন্দ	পরিবেশন • একক • দলগত	• পর্যবেক্ষণ চেকলিস্ট	• কোনো শিক্ষার্থী নির্ধারিত গানের সঠিক বাণী, উচ্চারণ, সুর, তাল ছন্দের কাছাকাছি না যাওয়া পর্যন্ত শিক্ষক তার শিক্ষণ দুর্বলতা পর্যবেক্ষণ করে ধারাবাহিকভাবে তাকে Feedback দিতে থাকবেন। • শিক্ষক শিক্ষার্থীদের নির্ধারিত গান গাইতে দিয়ে তাদের সংগীত দক্ষতা মূল্যায়ন করবেন। শিক্ষক গানের সঠিক বাণী, শুদ্ধ উচ্চারণে আবৃত্তি, গানের সঠিক সুর, তাল ও ছন্দ ইত্যাদি বিষয়ের

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
				ভিত্তিতে নম্বর বিভাজন করবেন। ● মাস শেষে শিক্ষার্থীদের overall performance এর ভিত্তিতে তাদের নম্বর প্রদান করবেন। (প্রতি শিক্ষার্থীকে পৃথকভাবে)। ● দলগত গান পরিবেশনকালে প্রতি দলের overall performance এর ভিত্তিতে সবাই সমান/একই নম্বর পাবে।

সামষ্টিক মূল্যায়ন কাঠামো

মোট নম্বর : (১ম থেকে ২য় = ২০), (৩য় থেকে ৫ম = ২৫)

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	মন্তব্য
সংগীত দক্ষতা	শুদ্ধ উচ্চারণে সুর, তাল ও ছন্দে গান গাইতে পারা (দলগত)	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেক লিস্ট	দলগতভাবে 'জাতীয় সংগীত' সঞ্চারী পর্যন্ত গেয়ে শোনাও। (৫) ● শিক্ষক শিক্ষার্থী নিয়ে দল গঠন করে দলগতভাবে গানটি শুনবেন। গানটি পরিবশনকালে দলটি সামগ্রিকভাবে সঠিক সুর, তাল, ছন্দের কতটুকু কাছাকাছি যেতে পারছে তা বিবেচনা করে দলীয়ভাবে মূল্যায়ন করবেন।
সংগীত দক্ষতা	গানের বাণী শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারা (এককভাবে)	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেক লিস্ট	এককভাবে 'শহীদ দিবসের' গানটির ১ম অন্তরা পর্যন্ত গেয়ে শোনাও। (৫) ● শিক্ষক শিক্ষার্থীদের নির্ধারিত গানের সঠিক বাণী, শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে দিবেন এবং সঠিক বাণী, উচ্চারণ বিবেচনা করে মূল্যায়ন করবেন।
সংগীত দক্ষতা	সঠিক সুর, তাল ও ছন্দে গান গাইতে পারা (একক)	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেক লিস্ট	এককভাবে 'শহীদ দিবসের' গানটির ১ম অন্তরা পর্যন্ত গেয়ে শোনাও। (১৫) ● শিক্ষক শিক্ষার্থীদের নির্ধারিত গান গাইতে দিয়ে তাদের সঙ্গীত দক্ষতা মূল্যায়ন করবেন। গানের সঠিক সুর, তাল ও ছন্দ বিবেচনা করে প্রতিটি শিক্ষার্থীকে মূল্যায়ন করবেন।

পরিশিষ্ট :

মৌখিক চেকলিস্ট (নমুনা)

প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য :

১। কোন্ গানটি জাতীয় সংগীত?

২। জাতীয় সংগীতটি কে লিখেছেন?

৩। 'প্রজাপতি প্রজাপতি' কোন্ ধরনের গান?

৪। 'প্রজাপতি প্রজাপতি' গানটির রচয়িতা কে?

৫। শহীদ দিবসের গানটি কী বিষয় নিয়ে লেখা?

মৌখিক চেকলিস্ট

৩য়-৫ম শ্রেণির জন্য :

১। 'চল্ চল্ চল্' গানটির রচয়িতা কে?

২। 'চল্ চল্ চল্' গানটি কোন্ ধরনের?

৩। শহীদ দিবসের গানটির প্রেক্ষাপট কী?

৪। 'এই সুন্দর ফুল, সুন্দর ফল'– গানটির গীতিকার ও সুরকার কে?

৫। 'ধনধান্য পুষ্পভরা' গানটি কে রচনা করেছেন?

৬। 'আনন্দলোকে মঙ্গলালোকে' গানটিতে কী তাল ব্যবহৃত হয়েছে?

সক্রিয় অংশগ্রহণ :
(নমুনা পর্যবেক্ষণ চেকলিস্ট)

নির্ধারিত গান	আগ্রহ	স্বতঃস্ফূর্ততা	দেশপ্রেম	শ্রদ্ধাবোধ	প্রকাশভঙ্গি
জাতীয় সংগীত	১	১	১	১	১
শহীদ দিবসের গান	১	১	১	১	১
ছড়া গান	১	১	১	১	১
রণসংগীত	১	১	১	১	১

শিক্ষক পৃথকভাবে নম্বর না দিয়ে সামগ্রিকভাবেও শিক্ষার্থীকে মূল্যায়ন করে নম্বর দিতে পারেন।
যেমন- ৫ এ মধ্যে ৪, ৩ অথবা ২

সংগীত দক্ষতা
(নমুনা পর্যবেক্ষণ চেকলিস্ট)

নির্ধারিত গান	উত্তম ৫	ভালো ৪	মোটামুটি ৩	দুর্বল ২	খুব দুর্বল ১
সঠিক বাণী					
শুদ্ধ উচ্চারণে আবৃত্তি					
সঠিক সুর					
সঠিক তাল ও ছন্দ					
মোট নম্বর ২০					

সামষ্টিক মূল্যায়ন

১ম সাময়িক পরীক্ষা (নমুনা প্রশ্ন)

বিষয় : সংগীত

শ্রেণি : তৃতীয়

পূর্ণমান- ২৫

১। দলগতভাবে 'জাতীয় সংগীত' সঞ্চারী পর্যন্ত গেয়ে শোনাও। (৫) [সঠিক বাণী, শুদ্ধ উচ্চারণ, সুর, তাল ও ছন্দে)

২। এককভাবে 'শহীদ দিবসের' গানটির ১ম অন্তরা পর্যন্ত গেয়ে শোনাও। (২০)

[সঠিক বাণী, শুদ্ধ উচ্চারণ, সুর, তাল ও ছন্দে = ৫ + ১৫ = ২০]

পরিভাষা

সংগীত : গীত, বাদ্য এবং নৃত্য এই তিন কলার সমন্বয়সাধনকেই সংগীত বলে। এই তিনটি কলার মধ্যে গীত বা কণ্ঠসংগীতকেই আমরা সংগীত হিসেবে বুঝে থাকি।

তাল : তালের শব্দগত অর্থ তালি। অর্থাৎ করতলের শব্দের দ্বারা গীত, বাদ্য বা নৃত্যক্রিয়া সম্পন্নের কাল বা সময়ের পরিমাপকেই তাল বলে। তাল হচ্ছে সংগীতের প্রাণ।

লয় : গীত, বাদ্য ও নৃত্য একত্রে অথবা পৃথকভাবে নিষ্পন্ন হতে যে একটি বিশেষ গতির প্রয়োজনে হয়, তাকে সংগীতের ভাষায় লয় বলে।

ছন্দ : বাণী, সুর ও তালের পরিমিত বন্ধন যা শ্রবণ-মননের প্রীতিপদ পদাবলী তৈরি করে তাকে ছন্দ বলে।

তথ্যপত্র-৩

ফলাফল সংরক্ষণ ছক

শ্রেণি : ..... শাখা : ..... বিষয় : সংগীত , সন : .....

শিক্ষার্থীর রোল নং	শিক্ষার্থীর নাম	ধারাবাহিক মূল্যায়ন																																সামষ্টিক মূল্যায়ন						
		প্রথম সাময়িক													দ্বিতীয় সাময়িক													তৃতীয় সাময়িক															
		প্রথম মাস				দ্বিতীয় মাস				তৃতীয় মাস				গড় নম্বর	প্রথম মাস				দ্বিতীয় মাস				তৃতীয় মাস				গড় নম্বর	প্রথম মাস				দ্বিতীয় মাস				তৃতীয় মাস				ইনপুট গ্রেড	মোট প্রাপ্ত নম্বর	প্রাপ্ত গ্রেড নম্বর	প্রথম সাময়িক	দ্বিতীয় সাময়িক	তৃতীয় সাময়িক	মোট নম্বর	গ্রেড নম্বর	সর্বমোট প্রাপ্ত নম্বর (ধারা+	মন্তব্য
		বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর		বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর		বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর	বিষয়জ্ঞান	সক্রিয় অংশগ্রহণ	সংগীত দক্ষতা	মোট নম্বর												